সমকাল

তারিখ ... 04 MAR 2016 ...
পৃষ্ঠা ... 4 ... কলাম ... 2 ......

# ইউনেস্কোকে আমন্ত্রণ সুন্দরবন পর্যবেক্ষণে

■ সমকাল প্রতিবেদক

সুন্দরবনের পরিবেশগত ঝুঁকি সরেজমিন দেখতে ইউনেস্কোর একটি প্রতিনিধি দলকে আমন্ত্রণ জানিয়েছে পরিবেশ ও বন মন্ত্রণালয়। গতকাল বৃহস্পতিবার ইউনেস্কোর সদর দপ্তরে এ-সংক্রান্ত একটি আমন্ত্রণপত্র পাঠানো হয়।

এর আগে ইউনেস্কোর একটি প্রতিনিধি দল সুন্দরবন সফরের ব্যাপারে আগ্রহ দেখালে তাতে সাড়া দেয়নি মন্ত্রণালয়। উল্টো তাদের ভিসা বন্ধ করে দেওয়া হয়। রামপাল বিদ্যুৎকেন্দ্র নির্মাণ, সুন্দরবনের ভেতর দিয়ে নৌ-চলাচল, বন-সংলগ্ন এলাকায় শিল্প-কারখানা স্থাপনের ফলে সুন্দরবনের প্রাকৃতিক সম্পদ ও জীববৈচিত্র্য হুমকির মুখে পড়তে পারে বলে আশঙ্কা করছে ইউনেস্কো। ১৯৯৭ সালে বিশ্বের সর্ববৃহৎ ম্যানগ্রোভ এই বনকে 'বিশ্ব ঐতিহ্যে'র তালিকাভুক্ত করে সংস্থাটি।

পরিবেশ ও বন মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সহকারী সচিব শেখ মোহাম্মদ তৌহিদুল ইসলাম সমকালকে বলেন, সচিবের স্বাক্ষর করা একটি আমন্ত্রণপত্র আজ (বৃহস্পতিবার) ইউনেস্কোর সদর দপ্তরে পাঠানো হয়েছে। আগামী ২২ থেকে ২৮ মার্চ প্রতিনিধি দলটিকে সুন্দরবন পর্যবেক্ষণে বাংলাদেশে আসতে বলা হয়েছে। সুন্দরবনের 'আউট স্ট্যান্ডিং ইউনিভার্সেল ভ্যালুস' রক্ষায় সরকারের ব্যবস্থাপনা পরিকল্পনা কী, তেল ও কয়লাবাহী জাহাজডুবির ঘটনায় কোনো ক্ষতি হচ্ছে কি-না এবং রামপালে বিদ্যুৎকেন্দ্র নিয়ে সম্ভাব্য ঝুঁকি মোকাবেলায় সরকার কী পদক্ষেপ নিয়েছে, সেসব খতিয়ে দেখবে তারা।

বাগেরহাটের রামপালে ভারত ও বাংলাদেশের যৌথ বিনিয়োগে এক হাজার ৩২০ মেগাওয়াট কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে।